

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯২

১/ বিবিধ

আরবী

الدجاج غنم فقراء أمتى، والجمعة حج فقرائها موضوع

أورده ابن الجوزي في "الموضوعات" (3 / 8) من رواية ابن حبان في "المجرودين" (3 / 90) من طريق عبد الله بن زيد - محمش - النيسابوري عن هشام ابن عبيد الله الرازي عن ابن أبي ذئب عن نافع عن ابن عمر مرفوعا ثم قال قال ابن حبان: باطل لا أصل له، وهم لا يحتاجون به، وقال الدارقطني: هذا كذب، والحمل فيه على محمش كان يضع الحديث وأقره السيوطي في "اللاليء" (2 / 28) فلم يتعقبه بشيء البة، وأما ابن عراق فتعقبه في "تنزيه الشريعة" (236 / 2) بقوله: قلت: اقتصر الحافظ الذهبي في "طبقات الحفاظ" على قوله بعد إيراد الحديث: هذا غير صحيح، والله أعلم قلت: وهذا التعقب لا طائل تحته لسبعين، الأول: أن علة الحديث المقتضية لوضعه ظاهرة، وهو كونه من رواية هذا الوضع، ولا سيما أنه قد صرخ الدارقطني بأنه حديث كذب، وابن حبان ببطلانه والآخر أن قوله: لا يصح، لا ينافي كونه موضوعا بل كثيرا ما تكون هذه اللفظة مرادفة لكلمة موضوع، وهي هنا بهذا المعنى لما سبق، ولأن الذهبي نفسه قد أورد هذا الحديث وحديثا آخر في ترجمة الرازي هذا من رواية ابن حبان عنه ثم قال الذهبي: قلت: كلامهما باطل، ووصف هذا الخبر في "النبلاء" (10 / 447) بأنه

لا يحتمل

ونقل المناوي (6 / 163) عنه أنه قال في "الضعفاء": إنهم حديثان موضوعان
فتبيّن أن الذهبي من القائلين بوضع الحديث خلافاً لما ظنه ابن عراق

বাংলা

১৯২। মোরগ হচ্ছে আমার উম্মাতদের দরিদ্রদের ছাগল এবং জুম'আহ হচ্ছে আমাদের দরিদ্রদের হাজ্জ (হজ্জ)।

হাদীসটি জাল।

ইবনু হিবান কর্তৃক "মাজরুহীন" গ্রন্থের (৩/৯০) বর্ণনা হতে ইবনুল জাওয়ী "আল-মাওয়ুআত" গ্রন্থে (৩/৮) হাদীসটি আব্দুল্লাহ ইবনু যায়েদ-মাহমাশ আন-নাইসাপুরী সূত্রে হিশাম ইবনু ওবায়দিল্লাহ হতে ... উল্লেখ করেছেন। অতঃপর বলেছেনঃ ইবনু হিবান বলেনঃ এটি বাতিল, এর কোন ভিত্তি নেই। হিশাম হচ্ছেন এমন এক বর্ণনাকারী যার দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

দারাকুতনী বলেনঃ হাদীসটি মিথ্যা, মাহমাশ হাদীস জাল করতেন। সযুতী "আল-লাআলী" গ্রন্থে (২/২৮) তা সমর্থন করেছেন। ইবনু আররাক "তানযীলুশ শারীয়াহ" গ্রন্থে (২/২৩৬) বলেনঃ হাফিয় যাহাবী "তাবাকাতুল হুফফায়" গ্রন্থে শুধুমাত্র বলেছেন হাদীসটি সহীহ নয়।

সহীহ নয় এ কথা দ্বারা হাদীসটি জাল নয় এমন কিছু বুঝানো ঠিক হবে না, দুটি কারণেঃ

১। হাদীসটি স্পষ্টত জাল এ কারণই তার প্রমাণ বহন করছে। কারণ এটিকে একজন জালকারী বর্ণনা করেছেন। তাছাড়া দারাকুতনী স্পষ্ট করেই বলেছেনঃ এটি মিথ্যা হাদীস এবং ইবনু হিবান বলেছেন বাতিল।

২। এটি সহীহ নয়' কথাটি হাদীসটি জাল এ কথা বিরোধী নয়, বরং বহু সময় দেখা যায় এ শব্দটি জাল শব্দের স্থলাভিষিক্ত হয়েছে, এখানেও সেরূপ। কারণ যাহাবী নিজেই হিশাম ইবনু ওবায়দিল্লার জীবনীতে ইবনু হিবান-এর বর্ণনায় এ হাদীসটিসহ আরেকটি হাদীস উল্লেখ করে বলেছেনঃ উভয়টিই বাতিল।

মানবী যাহাবী হতে নকল করেছেন (৬/১৬৩) যে, তিনি "আয়-যুয়াফা" গ্রন্থে বলেছেনঃ এ দু'টো হাদীসই বানোয়াট। অতএব ইবনু আররাক কর্তৃক একান্ত ধারণা পোষণ করা যে, যাহাবী জাল হিসাবে উল্লেখ করেননি, সঠিক নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5452>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন